**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.১২ .৪০০

তারিখ : ৩০ আগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২০ শিক্ষাবর্ষে বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থীর ভর্তির বয়স সীমা নির্ধারণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ শিক্ষাবর্ষে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীর ভর্তির বয়স সীমা নির্ধারণের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০১৪ অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৫ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি হয়েছে তাদের ক্ষেত্রে পরবর্তী শ্রেণিসমূহে বয়স নির্ধারণের জন্য ২০১৪ সালের নীতিমালা অনুসরণ করতে হবে;

(খ) পক্ষান্তরে, বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০১৫ অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০১৬ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তি হয়েছে অথবা ভবিষ্যতে ভর্তি হবে তাদের পরবর্তী শ্রেণিসমূহে বয়স গণনার ক্ষেত্রে ২০১৫ সালের নীতিমালা অনুসরণ করতে হবে।

১৫/১২/২০১৯
(আনোয়ারুল হক)
উপসচিব
ফোন: ৯৫৪৫৭২০
ই-মেইল : ds_sec2@moedu.gov.bd

**মহাপরিচালক**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.১২ ,৪০০

তারিখ : ৩০ আগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। জেলা প্রশাসক, .................... (সকল)
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/দিনাজপুর/ময়মনসিংহ/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫/১২/২০১৯
(আনোয়ারুল হক)
উপসচিব